গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রোগ্রামার (আইসিটি)
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০২৬.১৪.০২২.১৯-০৯ তারিখঃ ২১/০৩/২০২১

বিষয়ঃ "অনলাইনে মাসিক কৃষি রিপোর্টসমূহ প্রেরণ, সমন্বয়করণ ও একীভূতকরণ" উদ্ভাবনী উদ্যোগটির বাস্তবায়ন পরিবীক্ষণ ও প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদানের নিমিত্ত পরিদর্শন প্রতিবেদন।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) নিয়মিতভাবে নমুনা শস্য কর্তন, ফসলের আনুমানিক হিসাব, দাগগুচ্ছ জরিপ ও হালনাগাদকরণসহ বিভিন্ন ধরনের কৃষি পরিসংখ্যানের তথ্য-উপাত্ত সংগ্রহ, ডেটা প্রসেসিং ও রিপোর্ট প্রকাশ করছে। যা আমাদের দেশের কৃষি সংক্রান্ত পরিকল্পনা প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এতদপ্রেক্ষিতে উদ্ভাবনী কর্ম্পরিকল্পনা ২০২০-২১ এর আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ে "অনলাইনে মাসিক কৃষি রিপোর্টসমূহ প্রেরণ, সমন্বয়করণ ও একীভূতকরণ" উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়িত হচ্ছে। উক্ত উদ্যোগটি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদানের নিমিত্ত এ বিভাগের ইনোভেশন টিমের সদস্য সচিব হিসেবে মাঠ পর্যায়ের ইনোভেশন কার্যক্রম পরিবীক্ষণ করি।

২। পরিবীক্ষণ শেষে নিম্নলিখিত মতামত ও পরামর্শ প্রদান করিঃ

ক) বিবিএস-এর ডেটা সেন্টারে এ সংক্রান্ত একটি স্থায়ী সার্ভার, ডোমেন ও হোস্টিং চালু করা যেতে পারে।

খ) প্রতি উপজেলা কার্যালয়ের জন্য একটি করে অনন্য আইডি, পাসওয়ার্ড ও আলাদা ড্যাশবোর্ড, প্রতি জেলা কার্যালয়ের জন্য একটি করে অনন্য আইডি, পাসওয়ার্ড ও আলাদা ড্যাশবোর্ড এবং প্রতি বিভাগীয় কার্যালয়ের জন্য একটি করে অনন্য আইডি, পাসওয়ার্ড ও আলাদা ড্যাশবোর্ড রাখা যেতে পারে। এক্ষেত্রে এক উপজেলার দপ্তরে লগইন করে শুধু একজন কর্মচারীই কাজ করবেন। পরবর্তীতে একই আইডি ও পাসওয়ার্ড দিয়ে ঢুকে শুধু অনুমোদনের ক্ষেত্রে উপজেলার কর্মকর্তা ভিন্ন পাসকোড ব্যবহার করবেন। একইভাবে জেলার কর্মকর্তা ও প্রশাসনিক বিভাগের কর্মকর্তাগণও ভিন্ন পাসকোড ব্যবহার করবেন। এছাড়া অ্যাপ্লিক্যাশনে অটো সেভ অপশন যুক্ত করা যেতে পারে।

ঘ) ওয়েব ভার্সনের পাশাপাশি অফলাইন ভার্সন ও মোবাইল অ্যাপ ডেভেলপ করা যেতে পারে।

ঙ) অ্যাপ্লিক্যাশনে ডেটা এন্ট্রির বিষয়ে ৬৪ টি জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের এ বিষয়ে অবহিত করাসহ প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করতে হবে।

এ উদ্ভাবনী উদ্যোগটি সফলভাবে বাস্তবায়িত হলে দ্রুততর সময়ের মধ্যে রিপোর্ট প্রকাশ করা সম্ভব হবে এবং সকল রিপোর্ট একটি ইন্ডিভিজ্যুয়াল সার্ভারে চলে আসবে এবং ডিজিটাল বাংলাদেশ-এর মূল উদ্দেশ্য বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে।

৩। ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

২১/০৩/২০২১

মুঃ ওয়াহিদ মুরাদ
প্রোগ্রামার ও সদস্য সচিব (ইনোভেশন টিম)
ফোন: ৫৫০০৭০৯০

সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
২। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) ও চীফ ইনোভেশন অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

২১/০৩/২০২১

মুঃ ওয়াহিদ মুরাদ
প্রোগ্রামার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রোগ্রামার (আইসিটি)
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০২৬.১৪.০২২.১৯-০৭ তারিখঃ ০৭/০২/২০২১ খ্রিঃ

বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন "পরিবেশ জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালিকরণ (ইসিডিএস)" শীর্ষক প্রকল্পের নোয়াখালী জেলার হাউজহোল্ড লিস্টিং কার্যক্রম সরেজমিনে পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২৫/০১/২০২১ তারিখের ৫২.০০.০০০০.০০৮.২৫.৩০৫.১৬.২-১০৮৩ সংখ্যক অফিস আদেশমূলে আমাকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন "পরিবেশ জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালিকরণ (ইসিডিএস)" শীর্ষক প্রকল্পের হাউজহোল্ড লিস্টিং কার্যক্রম তদারকি ও পর্যবেক্ষণের জন্য অফিস আদেশ প্রদান করা হয়। উক্ত হাউজহোল্ড লিস্টিং কার্যক্রমের অংশ হিসেবে ১২-৩০ জানুয়ারি ২০২১খ্রি. তারিখ পর্যন্ত উপজেলা/থানা পর্যায়ে (জলবায়ু পরিবর্তনজনিত প্রাকৃতিক দুর্যোগে নির্বাচিত ক্ষতিগ্রস্থ/ আক্রান্ত মৌজা/ মহল্লায় ডিজিটাল পদ্ধতিতে (ট্যাবলেট/স্মার্টফোন) সরজমিনে যাচাই-বাছাই পূর্বক খানা তালিকা প্রণয়ন করা হয়। আদেশ মোতাবেক গত ২৮ ও ২৯ জানুয়ারি ২০২১ খ্রিঃ তারিখে আমি নোয়াখালী জেলার কয়েকটি উপজেলা পরিদর্শন করে হাউজহোল্ড লিস্টিং কার্যক্রম তদারকি ও পর্যবেক্ষণ করি। নোয়াখালী জেলায় নির্বাচিত পিএসইউ সংখ্যা ৬৪টি। জরিপের তথ্য উপাত্ত (খানা তালিকাসহ মূল জরিপ) সংগ্রহের জন্য অত্র জেলায় বিবিএস বর্হিভূত ২১জন ও বিবিএস এর নিজস্ব ০৪জনসহ মোট ২৫জন (পঁচিশ) -কে তথ্যসংগ্রহকারী হিসেবে এবং বিবিএস এর নিজস্ব ০৫জন (পাঁচ) -কে সুপারভাইজার হিসেবে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হয়। বিবিএস -এর সুপারভাইজারগণ ও তথ্যসংগ্রহকারীগণ জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর জোনাল অপারেশন (১ম) এ সংযুক্ত থাকায় সংশ্লিষ্ট পিএসইউ গুলোতে তথ্যসংগ্রহ কার্যক্রম স্থগিত রয়েছে এবং কিছুসংখ্যক ডাটা সুপাভাইজার কর্তৃক এখনো এপ্রুভ করা হয়নি। শীগ্রই অগ্রাধিকার ভিত্তিতে সংশ্লিষ্ট পিএসইউ গুলোর তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা হবে মর্মে উপপরিচলক, জেলা পরিসংখ্যান কার্যালয়, নোয়াখালী অবহিত করেন। জরিপের প্রশ্নপত্রটি ১৭টি মডিউলের বৃহৎ প্রশ্নপত্র।

আমি ২৯/০১/২০২১ তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় নোয়াখালী জেলার সদর উপজেলার অন্তর্গত কালাদরপ ইউনিয়নের MUNSIR TALUK মৌজার ০৯৮২ নং পিএসইউ এর কার্যক্রম পরিদর্শন করি। এখানে টার্গেট হাউজহোল্ড ছিল ৩৫৫টি, যার মধ্যে জলবায়ু পরিবর্তনজনিত বিভিন্ন কারনে ১৪৭টি ক্ষতিগ্রস্থ খানা সফটওয়্যারে এন্ট্রি হয়েছে দেখতে পাই। পরিদর্শনকালে জনাব মো: সাইফুল ইসলাম তথ্য সংগ্রহকারীর দায়িত্ব পালন করেন।

এরপর ২৯/০১/২০২১ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার অন্তর্গত রাজগঞ্জ ইউনিয়নের MADHABSING মৌজা এবং শরীফপুর ইউনিয়নের BABUNAGAR মৌজার ০৯৩০ ও ০৯৩২ নং পিএসইউ এর কার্যক্রম পরিদর্শন করি। এখানে টার্গেট হাউজহোল্ড ছিল ১০৬০টি যার মধ্যে ৭২৭টি হাউজহোল্ডের তথ্য সংগৃহীত হয়। জলবায়ু পরিবর্তনজনিত বিভিন্ন কারনে ২৬৭টি ক্ষতিগ্রস্থ খানা চিহ্নিত করা হয়। পরিদর্শনকালে জনাব মো: ফখরুল ইসলাম খান তথ্য সংগ্রহকারীর দায়িত্ব পালন করেন।

চলমান পাতা-২

আমি ২৯/০১/২০২১ তারিখ বিকাল ০২.৩০ ঘটিকায় নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার অন্তর্গত ৪নং ওয়ার্ডের CHAR PARBATI (PART) মৌজা, ৪নং ওয়ার্ডের CHAR HAZARI (PART) মৌজা এবং সিরাজপুর ইউনিয়নের CHHOTA RAJAPUR মৌজার ০৯৪২, ০৯৪৩ এবং ০৯৫৪ নং পিএসইউ এর কার্যক্রম পরিদর্শন করি। এখানে টার্গেট হাউজহোল্ড ছিল ১১১৭টি যার মধ্যে ৯৫৬টি হাউজহোল্ডের তথ্য সংগৃহীত হয়। জলবায়ু পরিবর্তনজনিত বিভিন্ন কারনে ৮০টি ক্ষতিগ্রস্থ খানা চিহ্নিত করা হয়। পরিদর্শনকালে জনাব রবিন সরকার তথ্য সংগ্রহকারীর দায়িত্ব পালন করেন।

এরপর বিকাল ০৫.০০ ঘটিকায় নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার অন্তর্গত ২নং ওয়ার্ডের KARALIA (PART) মৌজা, ৩নং ওয়ার্ডের CHAR PARBATI (PART) মৌজা এবং ৯নং ওয়ার্ডের UTTAR CHAR KANKRA (PART) মৌজার ০৯৪০, ০৯৪২ এবং ০৯৪৪ নং পিএসইউ এর কার্যক্রম পরিদর্শন করি। এখানে টার্গেট হাউজহোল্ড ছিল ১০৪৫টি যার মধ্যে ১০১৮টি হাউজহোল্ডের তথ্য সংগৃহীত হয়। জলবায়ু পরিবর্তনজনিত বিভিন্ন কারনে ক্ষতিগ্রস্থ ২৮৬টি খানা পাওয়া যায়। পরিদর্শনকালে জনাব ফাহমিদা হক তথ্য সংগ্রহকারীর দায়িত্ব পালন করেন।

উপরিউক্ত উপজেলাগুলো ভ্রমনকালে জনাব মো. তানজীব হাসান ভূঁইয়া, উপপরিচালক (ভারপ্রাপ্ত) ও ডিসিসি, জেলা পরিসংখ্যান কার্যালয়, নোয়াখালী আমার সাথে ছিলেন। এছাড়া, সদর উপজেলা, বেগমগঞ্জ উপজেলা ও কোম্পানীগঞ্জ উপজেলার সুপারভাইজরগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে আমি ০৪ (চার) জন তথ্যসংগ্রহকারীর এলাকা সরেজমিন দেখি। সফটওয়্যারের ড্যাশবোর্ড থেকে জানতে পারি নোয়াখালী জেলার টার্গেট ২১,৯০০ হাউজহোল্ডের মধ্যে ১৫,৬০০ টি হাউজহোল্ড এর তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়। অত্র জেলায় তথ্য সংগ্রহের সার্বিক অগ্রগতি ৭০%। ডিজিটাল পদ্ধতিতে (ট্যাবলেট/স্মার্টফোন) তথ্য সংগৃহিত হওয়ায় তথ্য সংগ্রহকারীরগন স্বাচ্ছন্দবোধ করছেন বলে জানান। তথ্য প্রদানকারীগণও স্বতঃস্ফূর্তভাবে তথ্য প্রদান করেছেন। তথ্য সংগ্রহকারীরগন ডিজিটাল পদ্ধতিতে (ট্যাবলেট/স্মার্টফোন) খানার তথ্য নেওয়ার পর আমি তাৎক্ষণিক www.ecdsbbs.com ওয়েব এড্রেস-এ লগ-ইন করে এন্ট্রিকৃত তথ্য যাচাই করে দেখি খানার তথ্য সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে। তথ্য সংগ্রহ ও রিপোর্টিং এ ব্যবহৃত সফটওয়্যারের মান-উন্নয়নের সুযোগ রয়েছে। সার্বিকভাবে বর্ণিত জরিপের তথ্য সংগ্রহের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে মর্মে প্রতীয়মান হয়। ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০৭/০২/২০২১

(মুঃ ওয়াহিদ মুরাদ)
প্রোগ্রামার
ফোন: ৫৫০০৭৩৯০

সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আগারগাঁও, ঢাকা।
(দৃঃ আঃ উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, এসআইডি)

অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
০৩। প্রকল্প পরিচালক, পরিবেশ জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালিকরণ(ইসিডিএস) প্রকল্প, বিবিএস।
০৪। অফিস কপি।